

# অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতিতে নোবিপ্রবির শিক্ষকরা

নোবিপ্রবি  
প্রতিনিধি

০১ জুলাই, ২০২৪

০১:০২

শেয়ার

অ +

অ -



সর্বজনীন পেনশন স্কিম সংক্রান্ত 'বৈষম্যমূলক প্রজ্ঞাপন' প্রত্যাহারসহ ৩ দফা দাবিতে সোমবার (১ জুলাই) থেকে অনির্দিষ্টকালের জন্য নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) সকল ক্লাস-পরীক্ষা বন্ধের ঘোষণা দিয়েছে নোবিপ্রবি শিক্ষক সমিতি।

এদিকে রবিবার (৩০ জুন) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে পূর্ণ দিবস কর্মবিরতি পালন ও অবস্থান কর্মসূচিতে এই কর্মসূচির ঘোষণা দেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. বিপ্লব মল্লিক। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার, সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনের দাবি আদায় না হওয়া পর্যন্ত এ কর্মবিরতির ঘোষণা দিয়েছে নোবিপ্রবি শিক্ষক সমিতি।